



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫

Website: www.banbeis.gov.bd; e-mail: info@banbeis.gov.bd

স্মারক নং - ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৭৩-২০১৯/৭২৫

তারিখ: ৭ আশ্বিন ১৪২৬
২২ সেপ্টেম্বর ২০১৯

বিষয় : বার্ষিক শিক্ষা জরিপ ২০১৯ এর আওতায় **On line Software** ব্যবহার করে তথ্য প্রেরণ।

সুপ্রিয় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,

আমার সালাম ও শুভেচ্ছা নিবেন। আপনি নিশ্চয় অবগত আছেন যে, শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ (Update) তথ্যের গুরুত্ব অপরিসীম। শিক্ষা পরিকল্পনাকারী ও শিক্ষাব্যবস্থাপকগণকে চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিবছরের ন্যায় দেশের সকল পোস্ট-প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে On line Software ব্যবহারের মাধ্যমে ১৪-২৫ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত তথ্য সংগ্রহ করা হবে।

২। তথ্য সংগ্রহ সংক্রান্ত বিষয়ে একটি নির্দেশিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো (সংযুক্ত)। যে সকল উপজেলায় ব্যানবেইস এর UITRCE ভবন আছে সে সকল উপজেলাসহ পার্শ্ববর্তী উপজেলার যে সকল প্রতিষ্ঠানের On line এর সুবিধা নেই সেইসব প্রতিষ্ঠান সমূহ UITRCE ভবন থেকে online সুবিধা গ্রহণ করে তথ্য প্রেরণ করতে পারবেন।


৩। বর্ণিতাবস্থায়, উপজেলা সুপারভাইজার হিসেবে উপজেলাস্থ সকল ধরনের প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের নির্ভুল তথ্য On line Software ব্যবহার করে আগামী ২৫ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে প্রেরণ নিশ্চিত করতে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি। শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান বরাবর লিখিত পত্রটি প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করছি।

বিষয়টি অতীব জরুরী

সংযুক্তিঃ ক) On line ফরম পূরণের নির্দেশিকা ও প্রতিষ্ঠান প্রধানের চিঠি।

খ) জরিপ ক্যালেন্ডার-২০১৯

শুভেচ্ছান্তে,


(মোঃ ফারুক উল্লাহ)

মহাপরিচালক

ফোন: ৯৬৬৫৪৫৭

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

উপজেলা:

জেলা:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অঞ্চল।
- ৭। জেলা শিক্ষা অফিসার
- ৮। অফিস নথি।

E-mail: info@banbeis.gov.bd